

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১২৬৯

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে বিষয়গুলো নির্দেশ দেওয়া হয়েছে, বিসমিল্লাহ সহ এসব প্রতিপালনের নির্দেশ দেওয়া হয়েছে, এই মর্মে বর্ণনা

ذَكَرُ الْبَيَانَ بِأَنَّ الْأَمْرَ بِهَذِهِ الْأَشْيَاءِ إِنَّمَا أُمِرَ مَعَ التَّسْمِيَةِ

আরবী

1269 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ عَنْ ابْنِ جُرَيْجٍ قَالَ: أَخْبَرَنِي عَطَاءٌ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَغْلِقْ بَابَكَ وَادْكُرْ اسْمَ اللَّهِ فَإِنَّ الشَّيْطَانَ لَا يَفْتَحُ بَابًا مُغْلَقًا وَأَطْفِئْ مِصْبَاحَكَ وَادْكُرْ اسْمَ اللَّهِ وَأَوْكِ سِقَاءَكَ وَادْكُرْ اسْمَ اللَّهِ وَخَمِّرْ إِنْءَاكَ وَادْكُرْ اسْمَ اللَّهِ وَلَوْ بَعُدَ يُعْرَضُ عَلَيْهِ)

الراوي : جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1269 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২৬৯. জাবির বিন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমার ঘরের দরজা বন্ধ করে দিবে এবং বিসমিল্লাহ বলবে, কেননা শয়তান বন্ধ দরজা খুলতে পারে না। বাতি নিভিয়ে দিবে এবং আল্লাহর নাম স্মরণ করবে। তোমার পাত্রের মুখ বন্ধ করবে এবং বিসমিল্লাহ বলবে। বিসমিল্লাহ বলে তোমার অন্যান্য পাত্রগুলো ঢেকে রাখবে, একটি কাষ্ঠখন্ড আড়াআড়ি দিয়ে হলেও।”[1]

ফুটনোট

[1] নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৭৪৫; মুসনাদ আহমাদ: ৩/৩১৯; আবু দাউদ: ৩৭৩১; সহীহ আল বুখারী: ৩৩০৪; সহীহ মুসলিম: ২০১২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩০৫৮; তিরমিযী: ২৮৫৭; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ১২৩৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন।  
আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (ইরওয়াউল গালীল: ১/৮০।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90583>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন